

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০৪.১৬-৭৮৫(৬৮)

তারিখঃ ২৩ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

প্রেরক : মোঃ মিজানুর রহমান
যুগ্ম সচিব

ও
পরিচালক (ভোকেশনাল)।

- প্রাপক : (১) অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
(২) অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
(৩) আঞ্চলিক পরিদর্শক, ঢাকা/খুলনা বিভাগ -----।
(৪) ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের বাজেটে কারিগরি শিক্ষা অধিদপ্তরারধীন ৩-২৫৫৪-০০০০ টেকনিক্যাল স্কুল ও কলেজ খাতের বরাদ্দ হতে বিভিন্ন উপখাতের বাজেট বরাদ্দ বন্টন।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২০১৬-১৭ অর্থ বছরের বাজেটে কারিগরি শিক্ষা অধিদপ্তরারধীন ৩-২৫৫৪-০০০০ টেকনিক্যাল স্কুল ও কলেজ খাতের অনুকূলে বরাদ্দ হতে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭ পর্যন্ত সময়ের জন্য বিভিন্ন উপখাতের ব্যয় নির্বাহের জন্য অপর পৃষ্ঠায় বিবরণী অনুসারে বাজেট বরাদ্দ প্রদান করা হলো। ইহা পূর্ব বরাদ্দের অতিরিক্ত।

২. এ বরাদ্দ হতে প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান এবং তাঁর অফিসের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ও অন্যান্য উপখাতের ব্যয় নির্বাহ করা যাবে। কারিগরি শিক্ষা অধিদপ্তরের পূর্ব অনুমোদন ব্যতীত বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত খরচ করা যাবে না। অতিরিক্ত খরচের কোন ব্যয়ান্তর অনুমোদন প্রদান করা হবে না। এ বরাদ্দ পত্রের ব্যাপারে জিজ্ঞাসা থাকলে কোন ব্যবস্থা গ্রহণ না করে অবশ্যই এ অধিদপ্তরকে অবহিত করতে হবে।

৩. উল্লেখ্য, ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় (৬৮১৩-যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম, ৬৮১৯-অফিস সরঞ্জাম, ৬৮২০-শিক্ষা উপকরণ ও ৬৮২১-আসবাব পত্র) এবং ৪৯০০-মেরামত ও সংরক্ষণ (৪৯০১ মোটর যান, ৪৯০৬-আসবাব পত্র, ৪৯১১-কম্পিউটার ও অফিস সরঞ্জাম, ৪৯১৬- যন্ত্রপাতি ও সরঞ্জাম এবং ৪৯৯১-অন্যান্য মেরামত ও সংরক্ষণ) উপখাতে বরাদ্দকৃত অর্থ খরচের বিষয়ে ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থ বছরের বরাদ্দ ও যৌক্তিকতার নিরিখে টিওএণ্ডই-র প্রাপ্যতা/সংস্থান সাপেক্ষে অধিদপ্তরের অনুমোদন গ্রহণ পূর্বক ব্যয় করতে হবে।

৪. যে সমস্ত উপখাতে অর্থ বরাদ্দ করা হয়নি অথবা বেতন-ভাতাদি ও অন্যান্য উপখাতে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে ২০১৫-১৬ এবং ২০১৬-১৭ অর্থ বছরের বরাদ্দ এবং খরচের হিসাব উল্লেখপূর্বক যৌক্তিকতাসহ প্রস্তাব প্রেরণ করতে হবে।

৫. প্রকৃত ব্যয়ের হিসাব ও প্রতিপাদনের (Verification of figures) সুবিধার্থে প্রতিমাসের খরচের বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ অফিসের সাথে হিসাব মিলকরণ (Reconciliation) করতে হবে। উপখাত ওয়ারী মাসিক খরচের বিবরণী iBAS প্রিন্ট কপি সহ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এবং নন-ট্যাক্স রেভিনিউ এর বিবরণী ৩(তিন) তারিখের মধ্যে (নির্ধারিত ফর্মে) অবশ্যই অধিদপ্তরে দাখিল করতে হবে। টেলিফোন, পৌর কর, ভূমি কর, ওয়াসা ও বিদ্যুৎ উপখাতের বকেয়া এবং মাসিক বিল অবশ্যই জরুরী ভিত্তিতে পরিশোধ করতে হবে।

৬. বরাদ্দকৃত অর্থ সরকারের প্রচলিত আর্থিক ও প্রশাসনিক নিয়মাবলি প্রতিপালনের মাধ্যমে কৃচ্ছতাসাধন করে ব্যয় নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মোঃ মিজানুর রহমান)
যুগ্ম সচিব
ও
পরিচালক (ভোকেশনাল)

স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০৪.১৬-৭৮৫(৭২)

তারিখঃ ২৩ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
২-৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা/সিলেট/বরিশাল।
৫-৭০। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর/পাবনা/নারায়নগঞ্জ/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/মাদারীপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/জামালপুর/কিশোরগঞ্জ/টাঙ্গাইল/নেত্রকোনা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/ মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ/কক্সবাজার/খাগড়াছড়ি/ঠাকুরগাঁও/সিরাজগঞ্জ/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/গাইবান্ধা/কুড়িগ্রাম/নীলফামারী/বগুড়া/পিরোজপুর/পটুয়াখালী/ভোলা/বাপেরহাট/সাতক্ষীরা/কিনাইদহ/মাগুরা/নড়াইল/মেহেরপুর/চুয়াডাঙ্গা/দৌলতপুর, কুষ্টিয়া/দোহার, ঢাকা/ভৈরব, কিশোরগঞ্জ/গৌরীপুর, ময়মনসিংহ/দেওয়ানগঞ্জ, জামালপুর/বাঞ্ছারামপুর, বি-বাড়ীয়া/ছাতক, সুনামগঞ্জ/বেগমগঞ্জ, নোয়াখালী/ পার্বতীপুর, দিনাজপুর/জয়পুরহাট/লালমনিরহাট/ পঞ্চগড়/বরগুনা/দিনাজপুর/লক্ষ্মীপুর/শরীয়তপুর/ শেরপুর/বান্দরবান/যশোর/ফেনী/ ঝালকাঠি/গাজীপুর/ রায়পুরা, নরসিংদী/কুষ্টিয়া।
৭১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
৭২। পি এ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

স্বাক্ষরিত/-

(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (ভোকেশনাল-২)

ফোন/ফ্যাক্স : ০২-৮১৮১২৩০

ই-মেইলঃ advocddo@gmail.com

[অ: পৃ: দ্র:]